

স্মারক নং- ০৫.৪২.১৩০০.০০৮.০৮.০১৭.২৪- ২২৬

তারিখ : ২৬ নভেম্বর ২০২৪

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা চাঁদপুর জেলাবাসীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকার জুলাই-আগস্টের ঐতিহাসিক ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে আহতদের চূড়ান্ত তালিকা প্রণয়ন করতে 'গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল' গঠন করেছে। ইতোমধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সরকারি-বেসরকারি হাসপাতাল ও জেলা কমিটির মাধ্যমে প্রাপ্ত আহতদের নামের তালিকা www.hsd.gov.bd এবং www.dghs.gov.bd ওয়েব পেজ দুটিতে প্রকাশ করা হয়েছে।

গণঅভ্যুত্থানকালীন ১৫ জুলাই ২০২৪ হতে ৫ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে ছাত্র-জনতার আন্দোলনে সম্পৃক্ত হয়ে যারা আহত হয়েছেন বা চিকিৎসাধীন আছেন কিন্তু উল্লিখিত তালিকায় নাম অন্তর্ভুক্ত হয়নি এমন ব্যক্তির নাম তালিকাভুক্তির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে।

উল্লেখ্য যে, সংশ্লিষ্ট আহত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদ, স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং উপযুক্ত প্রমাণকসহ **জেলা প্রশাসক, চাঁদপুর** অথবা বিশেষ সেল এর দলনেতা বরাবর আবেদন করতে হবে। আগামী ৩০ নভেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত আবেদন সরাসরি- ২য় তলা, ভবন নং-২, বিএসএল অফিস কমপ্লেক্স (হোটেল ইন্টারকন্টিনেন্টাল), ১ মিনিট রোড, ঢাকা-১০০০ এ ঠিকানায় পাঠানো যাবে। তবে, ই-মেইলে আবেদন muspecialcell36@gmail.com ঠিকানায় পাঠাতে হবে।

২৬.১১.২০২৪

মোহাম্মদ মোহসীন উদ্দিন
জেলা ম্যাজিস্ট্রেট
চাঁদপুর

ই-মেইল: dcchandpur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪২.১৩০০.০০৮.০৮.০১৭.২৪-

তারিখ : নভেম্বর ২০২৪

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৪। পুলিশ সুপার, চাঁদপুর।
- ০৫। সিভিল সার্জন, চাঁদপুর।
- ০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, চাঁদপুর।
- ০৭। অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি, চাঁদপুর।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল), চাঁদপুর।
- ০৯। জেলা তথ্য অফিসার, চাঁদপুর। তাঁকে উল্লিখিত বিজ্ঞপ্তিটি চাঁদপুর জেলা সদরসহ প্রত্যেক উপজেলায় মাইকযোগে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।
- ১০। অফিসার ইনচার্জ, (সকল থানা), চাঁদপুর।
- ১১। সভাপতি, প্রেসক্লাব, চাঁদপুর।
- ১২। সম্পাদক, দৈনিক.....চাঁদপুর। তাঁকে বর্ণিত বিজ্ঞপ্তিটি পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১৩। অফিস কপি।

জেলা ম্যাজিস্ট্রেট
চাঁদপুর